

২০২০

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BNGP-CC-T-3

(জীবনী, আত্মজীবনী ও ভ্রমণসাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২ : ৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

- ক) জীবনী সাহিত্যের সংজ্ঞা লেখো।
- খ) লেখকের নাম সহ দুটি বাংলা চৈতন্য জীবনীসাহিত্যের নাম লেখো।
- গ) ‘রাজা প্রতাপাদিত্য চরিত্র’ ও ‘বীরেশ্বর বিবেকানন্দ’ গ্রন্থ দুটির লেখকের নাম লেখো।
- ঘ) জীবনী ও আত্মজীবনীর দুটি পার্থক্য লেখো।
- ঙ) বাংলা সাহিত্যে দুটি ভ্রমণ সাহিত্য লেখকের নামসহ লেখো।
- চ) ‘আত্মজীবনী’ ও ‘আত্মকথা’ গ্রন্থদ্বয়ের রচয়িতার নাম উল্লেখ করো।

(পরের পাতায়)

ছ) ‘সেই আমার প্রথম অভিনয়।’ — কোন্ নাটকের কোন্ চরিত্রে বক্তা প্রথম অভিনয় করেছিলেন?

জ) ‘হৃদয় আজি মোর কেমনে গেল খুলি’ — কোন্ প্রবন্ধের অন্তর্গত? মূল গ্রন্থের নাম কি?

ঝ) ‘সেই জন্য বিশ্বপ্রকৃতিকে আড়াল-আবডাল হইতে দেখিতাম’ — বক্তা কেন ‘বিশ্ব প্রকৃতিকে আড়াল-আবডাল’ থেকে দেখতেন?

ঞ) ‘মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে’ — ‘জীবনস্মৃতি’ গ্রন্থের কোন্ প্রবন্ধ থেকে গৃহীত? এর পরবর্তী একটি চরণ লেখো।

ট) পলাভু কি?

ঠ) ‘সাহেব একটি পয়সা’ — কারা, কাকে এ কথা বলেছিল?

ড) সঞ্জীবচন্দ্র পালামৌ কেন গিয়েছিলেন? পালামৌ বর্তমানে কোন্ রাজ্যে অবস্থিত?

ঢ) ‘পালামৌ’ ভ্রমণ বৃত্তান্তে কোল জাতির কটি শাখার উল্লেখ আছে? কি কি?

ণ) ‘আমি প্রায় নিজ তথায় গিয়া বসিয়া থাকিতাম।’ — কে, কোথায় গিয়ে বসে থাকতো?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

ক) পিতৃদেব সম্পর্কে রবীন্দ্রনাথের মনে যে অনুভূতি ও আবেগ সঞ্চারিত হয়েছে তা ‘জীবনস্মৃতি’ গ্রন্থের ‘পিতৃদেব’ প্রবন্ধে অবলম্বনে আলোচনা করো।

- খ) ‘খাওয়ানো পরানো সাজানো গোছানোর দ্বারা আমাদের চিন্তকে চারিদিক হইতে একেবারে ঠাসিয়া ধরা হয় নাই।’ কোন্ প্রবন্ধের অংশ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।
- গ) জীবনী সাহিত্যের বৈশিষ্ট্য আলোচনা করো। বাংলা সাহিত্যে চারটি জীবনী সাহিত্যের নাম প্রকাশকাল সহ উল্লেখ করো।
- ঘ) ‘পালামৌ’ ভ্রমণ বৃত্তান্তে লেখকের যাত্রাপথের বিচিত্র অভিজ্ঞতার বিশেষ ঘটনাগুলি আলোচনা করো।
- ঙ) ‘...সঞ্জীবের যে একটি সকৌতুক স্নেহ হাস্য নিপতিত রহিয়াছে সেইটি পাঠকের নিকট রমনীয়’ — কিভাবে হাস্যরস ‘পালামৌ’ গ্রন্থে পাঠকের কাছে ‘রমনীয়’ হয়ে উঠেছে তা ব্যাখ্যা করো।
- চ) কোল সম্প্রদায়ের যে পরিচয় ‘পালামৌ’ ভ্রমণ কাহিনীতে আছে তা আলোচনা করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 2 = 20$
- ক) ‘সঞ্জীবচন্দ্রের সৌন্দর্য চেতনা ‘পালামৌ’ গ্রন্থে বিশেষ রূপ লাভ করেছে’ — এই মন্তব্যের আলোকে ‘পালামৌ’ গ্রন্থে সৌন্দর্য চেতনার স্বরূপ আলোচনা করো।
- খ) ‘পালামৌ’ ভ্রমণ বৃত্তান্তে লাতেহার পাহাড়ের গুরুত্ব আলোচনা করো।
- গ) নিজের শিক্ষা সংক্রান্ত বিষয়ে রবীন্দ্রনাথ ‘জীবনস্মৃতি’ গ্রন্থে যা লিপিবদ্ধ করেছেন তা বর্ণনা করো।
- ঘ) ‘ইতিমধ্যে বাড়িতে পরে পরে কয়েকটি মৃত্যুঘটনা ঘটিল’ — মৃত্যুঘটনা রবীন্দ্রনাথের মনে কিরূপ প্রভাব ফেলেছিল তা ‘মৃত্যুশোক’ অংশ অবলম্বনে লেখো।